দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 31 MAY 1989
পৃষ্ঠা ১ কলাম ২

15

# পরীক্ষা পিছানোর দাবীতে ভাঙচুর আগুন

গতকাল মঙ্গলবার ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের ফাইনাল ইয়ারের কতিপয় ছাত্র বোর্ড ফাইনাল পরীক্ষা পিছিয়ে দেয়া এবং ছাত্রদের প্রণীত রুটিন অনুযায়ী পরীক্ষার দাবীতে ইনস্টিটিউটে ব্যাপক ভাংচুর ও অগ্নিসংযোগ করে। ছাত্ররা ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটসহ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে চড়াও হয়ে আলমারী ভেঙ্গে বইপত্র

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## আগুন

(১ম পৃঃ পর)

ফাইল এবং কাগজপত্র নিয়ে যায়। বিভিন্ন বিভাগীয় ওয়ার্কশপ দরজা জানালা ভাংচুর করে। সকাল নটা থেকে ১২টা পর্যন্ত ছাত্রদের এই হামলা ও ভাংচুরে ৫০ লক্ষাধিক টাকার সম্পদ নষ্ট হয়েছে।

বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি এক বিবৃতিতে এই ঘটনার নিন্দা করেছেন। জানা গেছে, ছাত্রদের দাবীর মুখে বার বার পরীক্ষা পিছানোর পর পলিটেকনিক শিক্ষাক্ষেত্রে সেশনজট স্থায়ী রূপ নিয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় সেশনজট নিরসনের উদ্দেশে যথাসময়ে পরীক্ষা অনুষ্ঠানের নির্দেশ দিয়েছেন।